

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৬৩

ধৰ্মনগর, ১৬ ডিসেম্বর, ২০২৩

ত্রিপুরা বেটি বাঁচাও বেটি পড়াও অভিযান
উত্তর ত্রিপুরা জেলায় সচেতনতামূলক প্রচার অভিযান

ত্রিপুরা বেটি বাঁচাও বেটি পড়াও অভিযানে উত্তর ত্রিপুরা জেলায় গত তিনদিনব্যাপী সচেতনতামূলক প্রচার অভিযান অনুষ্ঠিত হয়। ১৩-১৫ ডিসেম্বর পর্যন্ত এই অভিযানে জেলার কাঞ্চনপুর, পানিসাগর ও ধৰ্মনগর মহকুমার বিভিন্ন বাজার এলাকায় কন্যা সন্তান সুরক্ষা, বাল্যবিবাহ প্রতিরোধ ও ভুগের লিঙ্গ নির্ধারণ বিষয়ক পথনাটক অনুষ্ঠিত হয়। তাছাড়াও এক সুসজ্জিত ভ্রাম্যমান গাড়ি এ সমস্ত বিষয়ে জনসচেতনতা বাড়াতে জেলার ধৰ্মনগর, পানিসাগর ও কাঞ্চনপুর মহকুমার বিভিন্ন পথ পরিক্রমা করে। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগ এই প্রচার অভিযান অনুষ্ঠিত হয়।
